উত্তরায় চতুর্থ দিনের মতো সড়ক অবরোধ পোশাকশ্রমিকদের



ছবি: সংগৃহীত

বকেয়া বেতন পরিশোধ, মজুরি বৃদ্ধি ও সর্বনিম্ন ৩০ হাজার টাকা মূল বেতন নির্ধারণসহ বিভিন্ন দাবিতে রাজধানীর উত্তরায় টানা চতুর্থ দিনের মতো মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন পোশাকশ্রমিকেরা।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকাল ১০টার দিকে বিভিন্ন কারখানার শ্রমিকেরা আজমপুর ও রাজলক্ষ্মী এলাকায় সড়কে অবস্থান নেন। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের ওই অংশে যান চলাচল বন্ধ হয়ে যায়। ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রীরা।

শ্রমিকেরা জানান, নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়ায় বর্তমান বেতনে সংসার চালানো কঠিন হয়ে পড়েছে। বকেয়া বেতন পরিশোধসহ বিভিন্ন দাবি জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও সমাধান না পাওয়ায় তাঁরা আন্দোলনে নেমেছেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে রয়েছে শিল্প পুলিশ ও থানা পুলিশ। তারা আন্দোলনরত শ্রমিকদের সঙ্গে আলোচনা করছে।

LENS ASIA